# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৭৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. আযান (সালাতের জন্য আহ্বান) - আযানের বিবরণ

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدِ بْنِ عَبْدِ رَبِّهِ ـ رضي الله عنه ـ قَالَ: طَافَ بِي ـ وَأَنَا نَائِمٌ ـ رَجُلٌ فَقَالَ: تَقُولُ: اللَّهُ أَكْبَرَ اللَّهِ أَكْبَرُ, فَذَكَرَ الْآذَانَ ـ بِتَرْبِيعِ التَّكْبِيرِ بِغَيْرِ تَرْجِيعٍ, وَالْإِقَامَةَ فُرَادَى, إِلَّا قَدْ قَامَتِ الصَّلَاةُ. قَالَ: فَلَمَّا أَصْبَحْتُ أَتَيْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فَقَالَ: «إِنَّهَا لَرُؤْيَا حَقٍّ ... ». الْحَدِيثَ. أَخْرَجَهُ أَحْمَدُ, وَأَبُو دَاوُدَ, وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, وَابْنُ خُزَيْمَةَ

وَزَادَ أَحْمَدُ فِي آخِرِهِ قِصَّةَ قَوْلِ بِلَالٍ فِي آذَانِ الْفَجْرِ: «الصَّلَاةُ خَيْرٌ مِنَ النَّوْمِ

صحيح وإسناده حسن. رواه أبو داود (499)، والترمذي (189)، وأحمد (4/ 43)، وابن خزيمة (371) وقال الترمذي: «هذا حديث حسن صحيح». وقال ابن خزيمة (197): خبر ثابت صحيح من جهة النقل

বাংলা

১৭৮। আবদুল্লাহ বিন যায়দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, স্বপ্নযোগে দেখলাম, কোন ব্যক্তি আমার নিকট এসে বলছে- তুমি বল, 'আল্লাহু আকবার' 'আল্লাহু আকবার' অতঃপর তিনি পূর্ণ আযান বর্ণনা করলেন। এতে 'আল্লাহু আকবার' চার বার ছিল। কিন্তু 'তারজী' ছিল না। আর ইকামাতের সব বাক্যই একবার করে ছিল। কিন্তু 'কাদকামাতিস সালাহ' বাক্যটি ছিল দু'বার। বর্ণনাকারী বলেছেন- সকাল হলে আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে (এসে স্বপ্নটির বর্ণনা দিলাম)। তিনি এ স্বপ্ন সম্বন্ধে বললেন স্বপ্নটি অবশ্যই সত্য। আহমাদ ও আবূ দাউদ, তিরমিযী ও ইবনু খুযাইমাহ একে সহীহ বলেছেন।[1]

আহমাদ এ হাদীসের শেষাংশে- ফজরের সালাতের আযান সম্পর্কীয় বিলাল (রাঃ)-এর ঘটনাটিতে 'ঘুম থেকে সালাত উত্তম' অংশটি বাড়িয়েছেন।[2]

## ফুটনোট

[1] আবু দাউদ ৪৯৯; তিরমিযী ১৮৯; আহমাদ 8/৪৩; ইবনু খুযাইমাহ ৩৭১ ইমাম তিরমিযী বলেন হাদীসটি হাসান সহীহ। ইবনু খুজাইমাহ বলেন (১৯৭) : বর্ণনাভঙ্গির দিক থেকে হাদীসটি প্রমাণিত সহীহ।

[2] আবু দাউদ ৪৯৯; তিরমিযী ১৮৯; আহমাদ 8/৪৩; ইবনু খুযাইমাহ ৩৭১ ইমাম তিরমিযী বলেন হাদীসটি হাসান সহীহ। ইবনু খুজাইমাহ বলেন (১৯৭) : বর্ণনাভঙ্গির দিক থেকে হাদীসটি প্রমাণিত সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69989

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন